# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## তথ্য অধিদফতর
## বাংলাদেশ সচিবালয়
## ঢাকা।

# সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৬ জানুয়ারি ২০১৬, ২৩ পৌষ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পদ্মা সেতুর ব্যয় বৃদ্ধির প্রস্তাবসহ একনেকে দশ প্রকল্প অনুমোদন

২। বাংলাদেশের মানুষ ধর্মপ্রাণ, তারা জঙ্গিবাদে বিশ্বাস করে না : স্বরাষ্ট্রমন্ত্রী

৩। শর্ত পূরণ না করলে বেসরকারি বিশ্ববিদ্যালয় বেশি দিন চলবে না : শিক্ষামন্ত্রী

৪। তামাক চাষ ও ব্যবসা সম্পূর্ণ নিষিদ্ধ করা উচিত : তথ্যমন্ত্রী

৫। সম্মানী ভাতার বিপরীতে বাড়ি বানাতে ঋণ পাবেন মুক্তিযোদ্ধারা

৬। বিশ্ব ইজতেমা উপলক্ষে আজ থেকে চালু বিশেষ ট্রেন-বাস

৭। মতিউর রহমান নিজামীর আপিলের রায় আজ

৮। তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে
বিশ্বব্যাংকের বাড়তি ১০ কোটি ডলার অনুদান

৯। ডিসেম্বরে বেড়েছে মূল্যস্ফীতি

১০। লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে রপ্তানি আয়

১১। রাজধানীতে দু' দলের সমাবেশে শান্তি সমঝোতার আহ্বান

চলমান পাতা-২

**১।	পদ্মা সেতুর ব্যয় বৃদ্ধির প্রস্তাবসহ একনেকে দশ প্রকল্প অনুমোদন**

পদ্মা বহুমুখী সেতুর ব্যয় বৃদ্ধির প্রস্তাব অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি একনেক। ফলে বর্তমান ব্যয় থেকে ৮ হাজার ২৮৬ কোটি টাকা বেড়ে সংশোধিত ব্যয় দাঁড়িয়েছে ২৮ হাজার ৭৯৩ কোটি টাকা। মোট ব্যয় ধরা হয়েছিল ২০ হাজার ৫০৭ কোটি টাকা। গতকাল ৫ জানুয়ারি মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এছাড়া আরও নয়টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনা। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **ভোরের কাগজ, ফিনানশিয়াল এক্সপ্রেস** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২।	বাংলাদেশের মানুষ ধর্মপ্রাণ, তারা জঙ্গিবাদে বিশ্বাস করে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশের মানুষ ধর্মপ্রাণ, তারা ধর্মান্ধ নয়। জঙ্গিবাদে তারা বিশ্বাস করে না। কিন্তু জঙ্গিবাদ উসকে দেওয়ার জন্য দেশি-বিদেশি ষড়যন্ত্র আছে। যারা এই ষড়যন্ত্রে লিপ্ত তাদের খুঁজে বের করে চিহ্নিত করা হচ্ছে। সবাইকে বিচারের আওতায় আনা হবে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল গতকাল ৫ জানুয়ারি মঙ্গলবার টঙ্গীতে বিশ্ব ইজতেমায় আইনশৃঙ্খলা বাহিনীর কর্তৃক গৃহীত নিরাপত্তামূলক ব্যবস্থাসহ ইজতেমার সার্বিক প্রস্তুতি পরিদর্শনে এসে জেলা পুলিশের নিয়ন্ত্রণ কক্ষে বক্তৃতাকালে এবং সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

**৩।	শর্ত পূরণ না করলে বেসরকারি বিশ্ববিদ্যালয় বেশি দিন চলবে না: শিক্ষামন্ত্রী**

কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি মন্তব্য করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এভাবে এসব বেসরকারি বিশ্ববিদ্যালয় বেশি দিন চলতে পারবে না। মন্ত্রী রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে উত্তরা ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির ভাষণে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.৫), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৪।	তামাক চাষ ও ব্যবসা সম্পূর্ণ নিষিদ্ধ করা উচিত : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, তামাক পণ্য বিপণনে কোম্পানি কূটকৌশল নিলে ও আইন ভঙ্গ করলে এক্ষেত্রে সরকার জিরো টলারেন্স দেখাবে। এ বিষয়ে ব্যবস্থা নিতে কোনো কর্মকর্তা গাফিলতি

করলে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরও ছাড় দেওয়া হবে না। তিনি বলেন জনগণকে অকাল মৃত্যুর হাত থেকে বাঁচাতে হলে তামাক চাষ ও এর ব্যবসা সম্পূর্ণ নিষিদ্ধ করা উচিত। গতকাল ৫ জানুয়ারি মঙ্গলবার ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইনের অধীনে তামাকজাত দ্রব্যের বিজ্ঞাপন প্রচারণা নিষিদ্ধ এবং পৃষ্ঠপোষকতা নিয়ন্ত্রণে করণীয় শীর্ষক এক কর্মশালায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১),

**৫। সম্মানী ভাতার বিপরীতে বাড়ি বানাতে ঋণ পাবেন মুক্তিযোদ্ধারা**

সম্মানী ভাতার বিপরীতে বাড়ি বানাতে ঋণ পাবেন মুক্তিযোদ্ধারা। এছাড়া স্কুল-কলেজের ছাত্রীদের সাইকেল কিনতে জামানতবিহীন স্বল্প সুদে ঋণ দেওয়া হবে। গতকাল ৫ জানুয়ারি মঙ্গলবার ব্যাংকার্স সভায় দেশের সব তফসিলি ব্যাংকের প্রধান নির্বাহীদের এ সংক্রান্ত নির্দেশনা দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। সূত্র-**যায়যায়দিন** (পৃ.১৫,ক.১), **ইত্তেফাক**(শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬),



**৬। বিশ্ব ইজতেমা উপলক্ষে আজ থেকে চালু বিশেষ ট্রেন-বাস**

বিশ্ব ইজতেমা উপলক্ষে আজ ৬ জানুয়ারি বুধবার থেকে বিআরটিসি বাসের স্পেশাল সার্ভিস শুরু হচ্ছে। চলবে ১৯ জানুয়ারি পর্যন্ত। ইজতেমার ধর্মপ্রাণ মুসল্লিদের যাতায়াতের সুবিধার্থে রাজধানীর ১৩টি স্থান থেকে এই স্পেশাল সার্ভিস চালু করা হবে বলে সড়ক পরিবহণ করপোরেশন সূত্র জানায়। এছাড়া ইজতেমার যাত্রীদের যাতায়াতের সুবিধার্থে ২৮টি বিশেষ ট্রেন চালু করছে রেলওয়ে কর্তৃপক্ষ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**৭। মতিউর রহমান নিজামীর আপিলের রায় আজ**

একাত্তরের মানবতাবিরোধী অপরাধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের রায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত জামায়াতে ইসলামীর আমির মতিউর রহমান নিজামীর রায়ের বিরুদ্ধে আপিলের চূড়ান্ত রায় ঘোষণা করা হবে আজ ৬ জানুয়ারি বুধবার। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন চার বিচারপতির আপিল বেঞ্চ এ রায় ঘোষণা করবেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৪)। **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.১,ক.২), **ডেইলি স্টার** ( পৃ.১,ক.৩)।

**৮। তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে বিশ্বব্যাংকের বাড়তি ১০ কোটি ডলার অনুদান**

প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে বাড়তি ১০ কোটি ডলার অনুদান দিচ্ছে বিশ্বব্যাংক। গ্লোবাল পার্টনারশিপ ফর এডুকেশন ট্রাস্ট ফান্ড থেকে এ অর্থ দেওয়া হচ্ছে।

গতকাল ৫ জানুয়ারি মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মেলন কক্ষে বিশ্বব্যাংকের সঙ্গে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ. ৩,ক.২), **ডেইলি স্টার** ( পৃ.৫,ক.১)।

**৯। ডিসেম্বরে বেড়েছে মূল্যস্ফীতি**

ডিসেম্বরে সাধারণ মূল্যস্ফীতি ৬ দশমিক ১০ শতাংশে দাঁড়িয়েছে, যা নভেম্বরের চেয়ে দশমিক ০৫ শতাংশ বেশি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। গতকাল ৫ জানুয়ারি একনেক বৈঠকের পর সংবাদ সম্মেলনে পরিকল্পনা মন্ত্রী আ হ ম মুস্তফা কামাল মূল্যস্ফীতির হালনাগাদ তথ্য প্রকাশ করেন। সূত্র-**যায়যায়দিন (**শেষ পৃ.,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫),

**ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৭)।

**১০। লক্ষ্যমাত্রা ছাড়িয়েছে রপ্তানি আয়**

২০১৫ সালের জুলাই-ডিসেম্বরে বিভিন্ন পণ্য ও সেবা রপ্তানি করে বাংলাদেশের আয় হয়েছে ১ হাজার ৬০৮ কোটি মার্কিন ডলার। লক্ষ্যমাত্রা ছিল ১ হাজার ৫৮৬ কোটি ৫০ লাখ ডলার। এ হিসেবে লক্ষ্যমাত্রার চেয়ে ২১ কোটি ৮৯ লাখ ডলার বেশি রপ্তানি আয় হয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরোর সর্বশেষ পরিসংখ্যানে এসব তথ্য উঠে এসেছে। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৫,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.১) **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৪)।

**১১। রাজধানীতে দু' দলের সমাবেশে শান্তি সমঝোতার আহ্বান**

রাজধানীতে গতকাল ৫ জানুয়ারি মঙ্গলবার আওয়ামী লীগ এবং বিএনপি পৃথক পৃথক সমাবেশ করেছে। শান্তিপূর্ণভাবে আয়োজিত এ সমাবেশ সুস্থ রাজনৈতিক সংস্কৃতির পরিচয় দিয়েছে বলে বিশিষ্টজনদের ধারণা। **যুগান্তর, প্রথম আলো, জনকণ্ঠ, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান**সহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** উপকূলীয় জেলা বরগুনায় গড়ে প্রতিদিন ৩০ থেকে ৩৫ হাজার মণ কাঠ কেটে নেওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে দেশের সব জেলায় পরিকল্পিত বনায়নের পাশাপাশি পাচারকারীদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **ইত্তেফাক, ফিনানশিয়াল এক্সপ্রেস :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিক্ষাবৃত্তি বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের পাশাপাশি ভিক্ষুক ও ছিন্নমূল মানুষকে সরকারের পক্ষ থেকে পুনর্বাসনের কথা বলায় তার যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

গ. **জনকণ্ঠ, ইনকিলাব, যায়যায়দিন, যুগান্তর, সংবাদ, নিউ নেশন, নিউজ টুডে, ডেইলি সান :** নগরীর ঝুঁকিপূর্ণ ভবন সম্পর্কে ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ভূমিকম্প মোকাবিলায় যথাযথ প্রস্তুতি নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** রাজধানী ঢাকা ও বন্দরনগরী চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানের ফিলিং স্টেশনে ভেজাল জ্বালানি তেল বিক্রি করার কথা উল্লেখ করে ভেজাল রোধে ফিলিং স্টেশনগুলোতে নিয়মিত অভিযান চালানোর সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** বহিবিশ্বে দক্ষ জনশক্তি রপ্তানির মধ্য দিয়ে দেশের অর্থনৈতিক গতিশীলতা বৃদ্ধি পাবে বলে মত প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডিপার্টমেন্টকে উন্নত ও আধুনিক যন্ত্রপাতি সংযোজনের দ্বারা আধুনিকায়ন করার পাশাপাশি ফায়ার ফাইটারদের জন্য নিয়মিত ট্রেনিং ও ফায়ার ফাইটিং ড্রিলের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি স্টার :** মালয়েশিয়ায় প্রবাসী বাংলাদেশিদের মেশিন রিডেবল পাসপোর্ট এম আর পি দেওয়ার কাজ পাওয়া মালয়েশিয়ান কোম্পানী আইএরআইএস প্রবাসীদের কাছ থেকে ফি হিসেবে ৬০ কোটি টাকা নিয়েও যথাসময়ে পাসপোর্ট না দেওয়ার চিত্র তুলে ধরে এ বিষয়ে কর্তৃপক্ষকে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

জ. **নিউ নেশন :** জ্বালানি তেলের মূল্য না কমালে দেশের ব্যবসা-বাণিজ্যে এর নেতিবাচক প্রভাবে জিডিপি প্রবৃদ্ধি অর্জন বাধাগ্রস্ত হওয়ার আশঙ্কা প্রকাশ।

ঝ. **নিউ এজ :** নতুন শিক্ষা কারিকুলাম অনুসারে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষকদের জন্য টিচার্স ম্যানুয়াল যথাসময়ে সরবরাহ না হওয়ায় শিক্ষা পদ্ধতি ব্যাহত হবে বলে অভিমত প্রকাশ করে

সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে জঙ্গিবাদ মোকাবিলার জন্য আমাদের জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিকভাবে সমন্বিত উদ্যোগ গড়ে তুলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'স্বপ্নের পদ্মা সেতুর বাস্তবায়নে গতি সংযোজন'** শিরোনামের নিবন্ধে ড. আনু মাহমুদ পদ্মা সেতু নির্মাণ একটি বড় উদ্যোগ। তাই, এটি নির্মাণগত দুর্নীতিসহ সকল প্রকার  দুর্নীতিমুক্ত  থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত করেছেন।

#

ফারহানা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৬/৯.০০ ঘণ্টা